কালের কণ্ঠ

তারিখ 14 OCT 2016 পৃষ্ঠা ৩ কলাম ৫

# শাবিতে ভর্তি ফরমের মূল্য কমাতে তিন দিনের আলটিমেটাম

**সিলেট অফিস ▷**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার আবেদনপত্রের মূল্য কমাতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে তিন দিনের আলটিমেটাম দিয়েছে 'ভর্তি ফরমের মূল্যবৃদ্ধিবিরোধী শিক্ষার্থী মঞ্চ'। এ সময়ের মধ্যে ফরমের দাম না কমালে গণতান্ত্রিকভাবে সাধারণ শিক্ষার্থীদের নিয়ে ধর্মঘটসহ কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে এ আলটিমেটাম দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, স্বেচ্ছাসেবী, সাংস্কৃতিক সংগঠন, ছাত্রসংগঠন ও সাধারণ শিক্ষার্থীদের নিয়ে এ মঞ্চ গঠিত হয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

মঞ্চের মুখপাত্র ও সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাবেক আহ্বায়ক সারোয়ার তুষার লিখিত বক্তব্যে বলেন, শাবিতে এবার ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি ফরমের দাম নির্ধারণ করা হয়েছে এক হাজার থেকে এক হাজার ২০০ টাকা। অথচ গত বছর এ হার ছিল ৭৫০ থেকে ৯০০ টাকা। এ হার গতবারের চেয়ে ৩৩ শতাংশ বেশি। অথচ ২০০৮-০৯ শিক্ষাবর্ষে ভর্তি ফরমের দাম ছিল ৩০০-৩৫০ টাকা। তিনি বলেন, শুধু ফরমের উচ্চ মূল্যের কারণে ভর্তি পরীক্ষার আবেদন করতে পারবে না দেশের বেশির ভাগ নিম্ন ও ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের সন্তানরা।

প্রশাসনকে অচিরেই এ ধরনের অযৌক্তিক সিদ্ধান্ত থেকে সরে আসার আহ্বান জানান মঞ্চের মুখপাত্র সারোয়ার তুষার। তিনি ভর্তীচ্ছু শিক্ষার্থীদের অভিভাবকদের অনুরোধ করেন, ১৬ অক্টোবর থেকে ভর্তির আবেদন কার্যক্রম শুরু হলেও তাঁরা যেন কয়েকটা দিন অপেক্ষা করেন।

উল্লেখ্য, আগামী ২৬ নভেম্বর সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিট এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ১৬ অক্টোবর থেকে ১০ নভেম্বর পর্যন্ত টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে ভর্তি আবেদন করা যাবে।

সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের আহ্বায়ক অপু কুমার দাশ, সম্মিলিত সাংস্কৃতিক জোটের সাবেক আহ্বায়ক গিয়াস বাবু, পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী সোহেল মুন্নাসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, স্বেচ্ছাসেবী, সাংস্কৃতিক সংগঠন ও ছাত্রসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিল।